

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৩৭]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (حتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ أَحَادِيْثِ الدَّجَّالِ وَأَشْرَاطِ السَّاعَةِ وَغَنْرِهَا

### আরবী

وَعَنْهُ، قَالَ: بَيْنَمَا النَّبِيُّ صلى الله عليه وسلم فِي مَجْلِسٍ يُحَدِّثُ القَومَ، جَاءَ أَعْرَابِيُّ فَقَالَ: مَتَى السَّاعَةُ ؟ فَمَضَى رَسُول اللهِ صلى الله عليه وسلم يُحَدِّثُ، فَقَالَ بَعْضُ القَومِ: سَمِعَ مَا قَالَ فَكَرِهَ مَا قَالَ، وَقَالَ بَعْضَهُمْ: بَلْ لَمْ يَسْمَعْ، حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ القَومِ: سَمِعَ مَا قَالَ فَكَرِهَ مَا قَالَ، وَقَالَ بَعْضَهُمْ : بَلْ لَمْ يَسْمَعْ، حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ قَالَ: «أَيْنَ السَّائِلُ عَنِ السَّاعَةِ ؟» قَالَ: هَا أَنَا يَا رَسُولَ اللهِ. قَالَ: «إِذَا ضَيُعِتِ الأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ» قَالَ: كيفَ إِضَاعَتُهَا ؟ قَالَ: «إِذَا وُسِّدَ الأَمْرُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَة» . رواه البخاري

#### বাংলা

৩০/১৮৪৬। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম [মসজিদে] লোকদের নিয়ে আলোচনা করছিলেন। ইতোমধ্যে এক বেদুঈন এসে প্রশ্ন করল, 'কিয়ামত কখন হবে?' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্ণপাত না করে আলোচনায় রত থাকলেন। এতে কেউ কেউ বলল যে, 'তার কথা তিনি শুনেছেন এবং তার কথা তিনি অপছন্দ করেছেন।' কেউ কেউ বলল, 'বরং তিনি শুনতে পাননি।' অতঃপর তিনি যখন কথা শেষ করলেন, তখন বললেন, ''কিয়ামত সম্পর্কে প্রশ্নকারী লোকটি কোথায়?'' সে বলল, 'ইয়া রাসূলুল্লাহ! এই যে, আমি।' তিনি বললেন, ''যখন আমানত নষ্ট করা হবে, তখন তুমি কিয়ামতের প্রতীক্ষা করো।'' সে বলল, 'কিভাবে আমানত বিনষ্ট হবে?' তিনি বললেন, ''অনুপযুক্ত লোকের প্রতি যখন নেতৃত্ব সমর্পণ করা হবে, তখন তুমি কিয়ামতের প্রতীক্ষা করো।'' (বুখারী)[1]

## **English**

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Once the Prophet (ﷺ) was speaking to us when, a bedouin came and asked



him: "When will the Last Day be?" The Messenger of Allah (ﷺ) continued his talk. Some of those present thought that he had heard him but disliked the interruption and the other said that he had not hear him. When the Messenger of Allah (ﷺ) concluded his speech he asked, "Where is the one who inquired about the Last Day?" The man replied: "Here I am." The Messenger of Allah (ﷺ) replied, "When the practice of honouring a trust is lost, expect the Last Day." He asked: "How could it be lost?" He replied, "When the government is entrusted to the undeserving people, then wait for the Last Day."

[Al- Bukhari].

Commentary: Here a very important sign of the nearness of the Day of Judgement has been mentioned: The affairs of the world will be in the hands of wicked and undeserving people. The sinners and wicked people will become the leaders of the world. The preaching pulpits would also be occupied by people who would be greedy and ignorant. They will be devoid of piety and abstinence.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৯, ৬৪৯৬, আহমাদ ৮৫১২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন